৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

**ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

ডিএমডি সার্কুলার লেটার নং-১২/২০২৬

তারিখ: ১৭ আগস্ট ২০২৬ / ০২ ভাদ্র ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

**বিনিয়োগকারীদের অনুকূলে সুকুক বরাদ্দের হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ৪ আগস্ট ২০২৫ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আপনাদের জানানো যাচ্ছে যে, সুকুক ইস্যুর ক্ষেত্রে বিনিয়োগকারীদের মধ্যে সুকুক বরাদ্দের হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হয়েছেঃ

| শ্রেণি | বিনিয়োগকারীদের ধরণ | ইস্যুতব্য সুকুকের বিপরীতে বিনিয়োগকারীদের অনুকূলে সুকুক বরাদ্দের হার (%) |
|---|---|---|
| ১. | শরীয়াহ্‌ভিত্তিক ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি এবং বীমা কোম্পানি | ৫০ |
| ২. | কনভেনশনাল ব্যাংকসমূহের ইসলামিক ব্রাঞ্চ ও উইন্ডোজ | ৩০ |
| ৩. | ব্যক্তি পর্যায়ের বিনিয়োগকারী | ১০ |
| ৪. | কনভেনশনাল ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি ও বীমা কোম্পানি, প্রভিডেন্ট ফান্ড, ডিপোজিট ইন্স্যুরেন্স, ইনভেস্টমেন্ট কোম্পানি, কর্পোরেট প্রতিষ্ঠান, গ্র্যাচুইটি ফান্ড, মিউচুয়াল ফান্ড প্রভৃতি | ১০ |

২. বিনিয়োগকারীদের মধ্যে উল্লিখিত অনুপাতে সুকুক বরাদ্দের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করা হবেঃ

ক) ৪টি শ্রেণিতেই নির্ধারিত অনুপাতের চেয়ে বেশি বিড দাখিল হলে প্রত্যেক শ্রেণির বিড দাখিলকারীদের মধ্যে তাদের দাখিলকৃত বিডের সমানুপাতিক হারে সুকুক বরাদ্দ দেয়া;

খ) কোন শ্রেণিতে নির্ধারিত অনুপাতের চেয়ে কম বিড দাখিল হলে তাদের মধ্যে বিতরণের পর অবশিষ্ট সুকুক বেশি বিড দাখিলকারীদের মধ্যে (যদি থাকে) তাদের দাখিলকৃত বিডের সমানুপাতিক হারে সুকুক বরাদ্দ দেয়া; এবং

গ) দাখিলকৃত মোট বিডের পরিমাণ ইস্যুতব্য সুকুকের পরিমাণের চেয়ে কম হলে অবশিষ্ট সুকুক এসপিভির ব্যবস্থাপনায় বরাদ্দ দেয়া।

৩. এ প্রেক্ষিতে এ বিভাগের ৪ আগস্ট ২০২৫ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-১৩ বাতিল করা হলো।

৪. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(ইস্তেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)
ফোন: ২০৮৬৩
ইমেইল: istequemal.hussain@bb.org.bd